# বরগুনায় মাদকবিরোধী অভিযানে জুলাইযোদ্ধা আটক




ছবি: সংগৃহীত

বরগুনা সদর উপজেলায় মাদকবিরোধী অভিযানে ২০টি ইয়াবাসহ সুমন মৃধা নামে এক ব্যক্তিকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। শনিবার (৮ আগস্ট) রাতে হেউলিবুনিয়া এলাকায় এ অভিযান চালানো হয়।

পুলিশের তথ্য অনুযায়ী, সুমন মৃধা বালিয়াতলী ইউনিয়নের চালিতাতলী গ্রামের বাসিন্দা এবং আব্দুর রহিম মৃধার ছেলে। তিনি জুলাই গণঅভ্যুত্থানে আহত এবং গেজেটভুক্ত জুলাইযোদ্ধা হিসেবে তালিকাভুক্ত বলে জানা গেছে।

ডিবি সূত্র জানায়, ওই এলাকায় মাদকদ্রব্যের একটি চালান নিয়ে যাওয়ার তথ্য পেয়ে রাতে অভিযান চালানো হয়। দফাদার বাড়ির সামনে সুমন মৃধাকে থামিয়ে তল্লাশি করা হলে তাঁর কাছ থেকে ২০টি ইয়াবা পাওয়ার দাবি করে পুলিশ।

বরগুনা জেলা ডিবির ইনচার্জ মো. সাজ্জাত হোসেন বলেন, আটকের পর সুমন মৃধাকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ করা হয়েছে। পরে তাকে সদর থানায় পুলিশের কাছে হস্তান্তর করা হয়। ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ডিবি পুলিশের পক্ষ থেকে মামলা করা হয়েছে।

LENS ASIA